নগর টাইমস

সংবাদে স্বচ্ছতা

Monday, October 5, 2026

https://nagartimes.com

ব্যবসা FEATURED

ক্যাশলেস অর্থনীতি: দেশজুড়ে বাংলা কিউআরের পরিধি বাড়াচ্ছে বাংলাদেশ ব্যাংক

[illegible]

By **নিজস্ব প্রতিবেদক** | October 5, 2026 at 9:39 PM | 13 views

[illegible] *(Bangla QR)* [illegible]

ক্যাশলেস অর্থনীতি: দেশজুড়ে বাংলা কিউআরের পরিধি বাড়াচ্ছে বাংলাদেশ ব্যাংক

[illegible] — **সংগৃহীত**

নগদ লেনদেনের ঝামেলা কমিয়ে আধুনিক ও নিরাপদ ডিজিটাল অর্থনীতি গড়ে তোলার লক্ষ্যে দেশজুড়ে বাংলা কিউআর কোডের ব্যবহার সম্প্রসারণের ওপর জোর দিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। সম্প্রতি রাজধানীসহ বিভিন্ন স্থানে বাংলা কিউআর ব্যবহার করে কেনাকাটার মাধ্যমে এই কার্যক্রমকে আরও গতিশীল করা হয়েছে।

বাংলাদেশ ব্যাংকের গভর্নর জানান, বর্তমানে দেশের প্রায় ৪০ লাখ ছোট-বড় ব্যবসাপ্রতিষ্ঠানে বাংলা কিউআর সেবা চালু রয়েছে। এই ব্যবস্থার ফলে ফুটপাতের ছোট দোকানদার থেকে শুরু করে সুপারশপের ক্রেতারাও যেকোনো ব্যাংকিং বা মোবাইল আর্থিক সেবার (এমএফএস) অ্যাপ ব্যবহার করে খুব সহজেই সম্পূর্ণ বিনামূল্যে ও তাৎক্ষণিকভাবে লেনদেন সম্পন্ন করতে পারছেন। এর মাধ্যমে নগদ টাকা বহন ও খুচরা মুদ্রার সংকট থেকে মুক্তি মিলছে।

সংশ্লিষ্টরা মনে করছেন, কেন্দ্রীয় ব্যাংক ও বাণিজ্যিক ব্যাংকগুলোর সমন্বিত উদ্যোগে এই ক্যাশলেস লেনদেন ব্যবস্থা সাধারণ মানুষের মধ্যে দারুণ সাড়া ফেলেছে। আগামী এক বছরের মধ্যে দেশের প্রতিটি প্রান্তে এই সেবার পরিধি আরও ব্যাপকভাবে

ছড়য়িে দওেয়া সম্ভব হবে বলে আশা প্রকাশ করছে নয়িন্ত্রক সংস্থা।

TAGS: অর্থনীতি | বাংলাদশে ব্যাংক | বাংলাদশে সংবাদ | বাংলা কডিআর | ডজিটিাল লনেদনে | ক্যাশলসে বাংলাদশে

https://nagartimes.com/news/kzasles-orthneeti-desjure-bangla-kiuarer-pridhi-baracche-banglades-bzangk

© 2026 নগর টাইমস

Generated on November 3, 2026 at 3:40 PM

All rights reserved.

Computer-generated PDF · নগর টাইমস